# এসএমসি নিউজ

একটি ত্রৈমাসিক প্রকাশনা

ইস্যু ৩২, জানুয়ারী- মার্চ ২০২০

SMC
Live better








এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের অতিরিক্ত মহাব্যবস্থাপক, সেলস, জনাব চন্দ্রনাথ মন্ডল সম্মেলনে তাঁর মূল্যবান বক্তব্য প্রদান করছেন



বিজয়ী ময়মনসিংহ এরিয়া অফিস টিম তাদের সেলস ম্যানেজার জনাব মোঃ রেজাউল হকের নেতৃত্বে গ্র্যান্ড গোল্ড অ্যাওয়ার্ড অর্জন করে

# এসএমসি'র ২০১৯ অর্থবছরের বার্ষিক বিক্রয় সম্মেলন অনুষ্ঠিত

সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি) এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ২০১৯ অর্থবছরের বার্ষিক বিক্রয় সম্মেলন গত ১৬ই জানুয়ারী ২০২০ তারিখে ঢাকার স্থানীয় একটি হোটেলে অনুষ্ঠিত হয়। সম্মেলনের মূল প্রতিপাদ্য বিষয় ছিলো 'Growth Unlimited'। সম্মেলনে ২০১৮-১৯ অর্থবছরের বিক্রয় অর্জন তুলে ধরা হয় এবং এসএমসি'র সেলস টীমের কর্মীদের বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জনে অসামান্য অবদানের জন্য স্বীকৃতি প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোশ্যাল মার্কেটিং কোম্পানী ও এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের বোর্ড অফ ডিরেক্টরস-এর চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী।

সম্মেলনে ২০১৮-১৯ অর্থবছরের ১২ মাসের বিক্রয় অর্জন উপস্থাপন করেন এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের অতিরিক্ত মহাব্যবস্থাপক, সেলস, জনাব চন্দ্রনাথ মন্ডল। উল্লেখ্য, ২০১৯ সালে কোম্পানীটি ৪৮.৩ মিলিয়ন সাইকেল জন্মবিরতকরণ পিল, ১৪১.৯৪ মিলিয়ন পিস কনডম এবং ২.৬২ মিলিয়ন ভায়াল জন্মবিরতকরণ ইনজেকশন বিক্রয় করে, যা সারাদেশের প্রায় ৫.০৮ মিলিয়ন দম্পতিকে অপরিকল্পিত গর্ভধারণ থেকে সুরক্ষা দিয়েছে। এছাড়াও কোম্পানীটি ৯৭১.১৫ মিলিয়ন স্যাশেট ওরস্যালাইন-এন, ২৩.২১ মিলিয়ন স্যাশেট মনিমিক্স মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার, ৪৬২,১০০ ব্লিস্টার জিংক, ১০.১ মিলিয়ন প্যাক জয়া স্যানিটারি ন্যাপকিন এবং ৫৭,৫২০ প্যাকেট সেফ ডেলিভারী কিট বিক্রয় করে। জনাব চন্দ্রনাথ মন্ডল তার উপস্থাপনায় তুলে ধরেন যে, কোম্পানীর আয় ২০১৮-১৯ অর্থবছরে উন্নীত হয়েছে, যা ২০১৭-১৮ অর্থবছরের ১২ মাসের অর্জনের তুলনায় ২২.৩৭% বেশী।

সম্মেলনে বক্তব্য প্রদানকালে এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক কোম্পানীর ধারাবাহিক প্রবৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন এবং দুই কোম্পানীর বিক্রয় অর্জনের প্রশংসা করেন। তাঁরা আশাবাদ ব্যক্ত করেন যে বিক্রয় অর্জনের এই ধারাবাহিকতা আগামী বছরগুলোতেও বৃদ্ধি পাবে।

জনাব মোঃ সাজ্জাদ হোসেন, সেলস অফিসার, কিশোরগঞ্জ, বছরের সেরা সেলস অফিসার হিসাবে পুরস্কৃত হন। ময়মনসিংহ এরিয়া অফিসের সেলস ম্যানেজার জনাব মোঃ রেজাউল হকের নেতৃত্বে তাঁর এরিয়া অফিস গ্র্যান্ড গোল্ড অ্যাওয়ার্ড এবং কুষ্টিয়া এরিয়া অফিসের সেলস ম্যানেজার জনাব মোঃ আনোয়ারুল ইসলামের নেতৃত্বে তাঁর এরিয়া অফিস অসামান্য পারফরম্যান্সের জন্য গ্র্যান্ড সিলভার অ্যাওয়ার্ড অর্জন করে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এসএমসি এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের বোর্ড অফ ডিরেক্টরস-এর সন্মানিত পরিচালক জনাব মোহাম্মদ আলী; এসএমসি বোর্ডের পরিচালক মিসেস রোকেয়া কাদের; এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব মোঃ সিদ্দিক উল্লাহ; এসএমসি ইএল বোর্ডের পরিচালক ডঃ জহির উদ্দিন আহমেদ; এসএমসি বোর্ডের পরিচালক ডঃ ইয়াসমিন হেমায়েত আহমেদ; এসএমসি বোর্ডের পরিচালক জনাব ফারুক আহমেদ; এসএমসি ও এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব মুহাম্মদ ফরহাদ হুসাইন এফসিএ; এসএমসির কোম্পানী মেম্বার, মিসেস রুপালী হক চৌধুরী; ডেপুটি ডিরেক্টর, অফিস অফ পপুলেশন, হেলথ, নিউট্রিশন এন্ড এডুকেশন, ইউএসএআইডি বাংলাদেশ ডাঃ জোসেফ মোনেহিন, এবং উভয় কোম্পানীর কর্মকর্তাবৃন্দ। সম্মেলন শেষ হয় মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা ও নৈশভোজের মাধ্যমে।

# "ENGAGE FOR GROWTH"
# প্রতিপাদ্যে ফার্মা ডিভিশনের প্রয়াস স্বীকৃত

গত ২৯শে ফেব্রুয়ারী ২০২০ তারিখে ঢাকার একটি স্থানীয় হোটেলে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড (এসএমসি ইএল)-এর ফার্মাসিউটিক্যালস ডিভিশনের বার্ষিক সম্মেলন ২০১৯ অনুষ্ঠিত হয়ে গেলো "ENGAGE FOR GROWTH" প্রতিপাদ্য নিয়ে। সম্মেলন আয়োজন করার মূল উদ্দেশ্য ছিলো বিক্রয়খাতে উল্লেখযোগ্য বৃদ্ধি নিশ্চিতকরণ এবং দৈনন্দিন কার্যক্রমে ফার্মা টীমের কর্মপরিধি বাড়ানো।

এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব মোহাম্মদ আলী, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক। হেড অফ সেলস অ্যান্ড মার্কেটিং-ফার্মা, জনাব শেখ জাহিদুর রহমান সম্মেলনের স্বাগত বক্তৃতা প্রদান করেন। ২০২০-২০২১ অর্থবছরের ব্যবসায়িক পরিকল্পনা ও লক্ষ্য উপস্থাপন করেন সিনিয়র ম্যানেজার-ফার্মা সেলস, জনাব সেলিম রেজা এবং মার্কেটিং ম্যানেজার-ফার্মা, জনাব মোহাম্মদ মুশাররফ হুসাইন। সম্মেলনে বিক্রয় ক্ষেত্রে ২০১৯ অর্থবছরে বিশেষ অর্জনের জন্য বিভিন্ন ক্যাটেগরিতে সেরা বিক্রয় প্রতিনিধিদের স্বীকৃতি প্রদান করে পুরষ্কৃত করা হয়।

এসএমসি ফার্মা টীমের সদস্যগণ যোগ্যতাসম্পন্ন ডাক্তারদের সাথে সাক্ষাৎ করার জন্য এবং বিক্রয় বাড়ানোর লক্ষ্যে প্রতিদিন ছয়টি প্রেসক্রিপশন তৈরি করার শপথ নেন। অনুষ্ঠান শেষ হয় একটি মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার মাধ্যমে।





# ব্যক্তিগত স্বাস্থ্যবিধি সম্পর্কে অধিবেশনের আয়োজন করে আমাদের কুষ্টিয়া অফিস

আমাদের কুষ্টিয়া এরিয়া অফিস সম্প্রতি ‘প্রজনন স্বাস্থ্য সচেতনতা’ ও ‘ব্যক্তিগত স্বাস্থ্যবিধির অনুশীলন’ বিষয়ের উপর একটি স্কুল অ্যাক্টিভেশন প্রোগগ্রামের আয়োজন করে এবং সেখানে স্কুল ছাত্রীদের কাছে জয়া স্যানিটারি ন্যাপকিন এবং স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিষয়সমূহ তুলে ধরে। গত ২৮ শে জানুয়ারী ২০২০ তারিখে ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলার আওতাধীন হরিণাকুণ্ডু সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে এই অধিবেশনটি অনুষ্ঠিত হয়। ষষ্ঠ থেকে দশম শ্রেণীর মোট ৩০০ জন ছাত্রী এই অধিবেশনে অংশগ্রহণ করেন। মাসিক স্বাস্থ্যবিধির একটি অপরিহার্য অংশ হিসেবে স্যানিটারি ন্যাপকিন, বিশেষ করে এসএমসি’র জয়া স্যানিটারি ন্যাপকিনের ব্যবহার তুলে ধরার জন্য অনুষ্ঠানটি একটি চমৎকার প্ল্যাটফর্ম ছিল। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুণ্ডু, বেগম সৈয়দা নাফিস সুলতানা এবং বিশেষ অতিথি ছিলেন উক্ত উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম রেশমা খাতুন। অনুষ্ঠানে রিসোর্স পার্সন হিসেবে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ শারমিন আফরিন উপস্থিত ছিলেন।

ডাঃ শারমিন আফরিন মাসিক স্বাস্থ্যবিধির বিষয়ে বিস্তৃত আলোচনা করেন এবং উপস্থিত স্কুলের ছাত্রীদের সমস্ত প্রশ্নের উত্তর দেন। তিনি ছাত্রীদেরকে জয়া স্যানিটারি ন্যাপকিনের বৈশিষ্ট্য এবং সুবিধাগুলি বর্ণনা করেন এবং ব্যবহার করার পরামর্শও দেন। অধিবেশন শেষে উপজেলা নির্বাহী অফিসার সকল ছাত্রীদের কাছে জয়া স্যানিটারি ন্যাপকিন বিতরণ করেন। তিনি জয়া স্যানিটারি ন্যাপকিন উপজেলার ষষ্ঠ থেকে দশম শ্রেণীর সকল ছাত্রীর মধ্যে বিতরণ করার ব্যাপারে ইচ্ছা ব্যক্ত করেন। অনুষ্ঠানটি খুব সফলভাবে পরিচালিত হয় এবং ছাত্রীরা জয়া’র নমুনা পাবার পাশাপাশি স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধি সম্পর্কে জ্ঞান অর্জন করতে পেরে অত্যন্ত আনন্দিত হয়। অনুষ্ঠানে কুষ্টিয়ার সেলস ম্যানেজার জনাব আনোয়ারুল ইসলাম এসএমসি’র উদ্যোগ এবং দেশের স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি খাতে অবদান সম্পর্কে আলোকপাত করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে এসএমসি’র কুষ্টিয়া এরিয়া অফিসের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



# অসামান্য কর্মদক্ষতা প্রদর্শনের জন্য খুলনা বিভাগের বিএসপিগণ সম্মানিত

গত ১১ই ফেবরুয়ারী ২০২০ তারিখে খুলনায় ব্লু-স্টার প্রোভাইডারদের একটি আঞ্চলিক সভা অনুষ্ঠিত হয়। সভার প্রধান উদ্দেশ্য ছিল প্রোভাইডারদের সেরা অনুশীলনসমূহের বিনিময়, সেরা সেবা প্রদানকারীদেরকে স্বীকৃতি দেওয়া এবং ভবিষ্যতে প্রোগ্রামের পারফরম্যান্স বৃদ্ধির লক্ষ্যে তাদের মতামত জোগাড় করা।

অনুষ্ঠানে সোশ্যাল মার্কেটিং কোম্পানীর পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভায় খুলনা, বাগেরহাট, যশোহর ও সাতক্ষীরা জেলার মোট ৩০৮ জন প্রোভাইডার অংশগ্রহণ করেন। উক্ত জেলাগুলোর দশ জন ব্লু-স্টার প্রোভাইডারদেরকে তাদের অসামান্য কর্মদক্ষতা প্রদর্শনের জন্য “সেরা পারফর্মার” হিসেবে ভূষিত করা হয় এবং ক্রেস্ট দিয়ে পুরস্কৃত করা হয়।

এসএমসি’র চীফ অফ প্রোগ্রাম অপারেশনস জনাব তছলিম উদ্দিন খান ব্লু-স্টার প্রোভাইডারদেরকে নিয়ে একটি ইন্টারএ্যাক্টিভ সেশন পরিচালনা করেন যেখানে ব্লু-স্টার প্রোগ্রামের উন্নয়নের লক্ষ্যে অভিজ্ঞতা বিনিময়, শিক্ষা গ্রহণ এবং এগিয়ে যাওয়ার দিকনির্দেশনা নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় সকল প্রোভাইডারগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং ভবিষ্যতে নেটওয়ার্কটিকে আরও কার্যকর করার জন্য মূল্যবান পরামর্শ প্রদান করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন খুলনার বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), জনাব মোঃ শরিফুল ইসলাম; উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, জনাব মোঃ আব্দুল আলীম; এসএমসি’র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান; অতিরিক্ত মহাব্যবস্থাপক, সেলস, এসএমসি ইএল, জনাব চন্দ্রনাথ মন্ডল; সিনিয়র সেলস ম্যানেজার, খুলনা, এসএমসি ইএল, জনাব শেখ কবির আহমেদ; সিনিয়র হেলথ এডভাইজার, আইডি টীম লীড, অফিস অফ পপুলেশন, হেলথ, নিউট্রিশন এন্ড এডুকেশন (ওপিএইচএনই), ইউএসএআইডি বাংলাদেশ, ডাঃ আলিয়া এল মোহান্দেস এবং এসএমসি’র অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ।



# পিঙ্ক স্টারের কর্মক্ষমতা পর্যালোচনা সভায় অংশ নেয় ওজিএসবি নেতৃবৃন্দ

সোশ্যাল মার্কেটিং কোম্পানী সম্প্রতি ঢাকায় তার ‘পিংক স্টার’ প্রোগ্রামের আওতাধীন স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাক্তারদের নিয়ে একটি ‘এক্সপেরিয়েন্স শেয়ারিং অ্যান্ড পারফরম্যান্স রিভিউ মিটিং’-এর আয়োজন করে। গত ২৩শে জানুয়ারী ২০২০ তারিখে রাজধানীর একটি স্থানীয় হোটেলে ঢাকা অঞ্চলের আওতাধীন ৯০ এর অধিক স্ত্রীরোগ বিশেষজ্ঞ এই সভায় অংশগ্রহণ করেন। নিজস্ব ফ্যাসিলিটি থেকে ওবিজিওয়াইএন ডাক্তারদের লং এক্টিং রিভার্সিবল কন্ট্রাসেপটিভ (এলএআরসি) পরিষেবা সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়। সভায় প্রোভাইডারদের পারফরম্যান্স পর্যালোচনা করা সহ বেস্ট প্র্যাকটিসসমূহ, শিক্ষণীয় বিষয় এবং এলএআরসি পারফরম্যান্সের মান আরও উন্নত করার উপায় নিয়ে আলোচনা করা হয়।




সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জনাব মোঃ আলী রেজা খান, ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, এসএমসি; ডাঃ মোঃ মাহমুদুর রহমান, উপ পরিচালক (ক্লিনিক্যাল সার্ভিসেস) এবং প্রোগ্রাম ম্যানেজার (সার্ভিস ডেলিভারী), ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার; জনাব তছলিম উদ্দিন খান, চীফ অফ প্রোগ্রাম অপারেশনস, এসএমসি; অধ্যাপক ডাঃ সামিনা চৌধুরী এবং অধ্যাপক ডাঃ সালেহা বেগম চৌধুরী, যথাক্রমে প্রেসিডেন্ট এবং সেক্রেটারি জেনারেল, অবসটেট্রিক্যাল অ্যান্ড গাইনোকলিজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ (ওজিএসবি) এবং প্রফেসর ডাঃ রওশন আরা বেগম, সাবেক প্রেসিডেন্ট, ওজিএসবি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



# ফার্মা আপডেট




এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ফার্মাসিউটিক্যাল ডিভিশন সম্প্রতি কোরাল ক্যালসিয়াম এবং ভিটামিন ডি৩-এর সমন্বয়ে “Seacoral D and Seacoral DX” নামক দুটি ট্যাবলেট বাজারে নিয়ে এসেছে। এই ওষুধদ্বয় অস্টিওপোরোসিস/দুর্বল হাড়, মেনোপজাল অস্টিওপোরোসিস, গর্ভাবস্থা এবং স্তন্যদান, প্রবীণদের সেবা প্রদান এবং ডায়েটে ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩-এর ঘাটতি পূরণের জন্য কার্যকরী।

এছাড়াও “Neoclav” ব্র্যান্ড নামে আরও একটি অ্যান্টিবায়োটিক ট্যাবলেট বাজারে নিয়ে এসেছে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড যা হলো সিফুরিক্সিম এবং ক্লাভুলনিক অ্যাসিডের সমন্বয়ে তৈরী। এই ওষুধটি ফ্যারিঞ্জাইটিস, ওটাইটিস মিডিয়া, সাইনোসাইটিস এবং ব্রোঙ্কাইটিসের জন্য এবং ইউটিআই ও এসএসটিআই-এর চিকিৎসার জন্য কার্যকরী।


**প্রধান সম্পাদকঃ** মোঃ আলী রেজা খান; **প্রকাশনা ও সার্কুলেশনঃ** কর্পোরেট অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট; **কৃতজ্ঞতাঃ** সকল বিভাগকে তথ্য দিয়ে সহযোগীতার জন্য;
**ঠিকানাঃ** এসএমসি টাওয়ার, ৩৩ বনানী বা/এ, রোড - ১৭, ঢাকা-১২১৩, বাংলাদেশ।
**পিএবিএক্সঃ** (+৮৮০২) ৯৮২১০৭৪-৮০, ৯৮২১০৯০, ৯৮২১০৯৩; **ওয়েবসাইটঃ** www.smc-bd.org